সংবাদ

তারিখ 13 DEC 2016 ... ...
পৃষ্ঠা ...১০ কলাম..... ৪......

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের নানা শর্তে বিপাকে আইন মহাবিদ্যালয়গুলো

**প্রতিনিধি, রাজশাহী**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের শর্ত এবং বিভিন্ন সমস্যা নিয়ে আইন মহাবিদ্যালয়গুলো চরম বিপাকে রয়েছে। বিভিন্ন সমস্যায় জর্জরিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন আইন মহাবিদ্যালয়গুলো। সমস্যাগুলো সমস্যা সমাধানে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন রাজশাহী রংপুর ও খুলনা বিভাগের আয়োজিত এক আলোচনা সভায় গত শনিবার অধ্যক্ষরা এ আহ্বান জানান। গত শনিবার দুপুরে রাজশাহী আইন মহাবিদ্যালয়ের অধ্যক্ষ অ্যাড. আকবর আলীর সভাপতিত্বে কলেজ হলরুমে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক দেশের আইন মহাবিদ্যালয়সমূহে সৃষ্ট জটিলতা বিষয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন ঢাকা জাতীয় সিটি আইন মহাবিদ্যালয়ের অধ্যক্ষ এমএ আওয়াল, খুলনা আইন মহাবিদ্যালয়ের অধ্যক্ষ চৌধুরী মহিবুর রহমান। সভায় তারা দেশের আইন মহাবিদ্যালয়ের যে সব সমস্যা রয়েছে সেগুলোর মধ্যে রয়েছে অধিভুক্ত নবায়ন মঞ্জুর না করা, অধ্যক্ষ ও শিক্ষক নিয়োগ সংক্রান্ত সমস্যা, অধ্যক্ষ এবং প্রভাষকদের বেতন-ভাতাদি সংক্রান্ত সমস্যা, ভর্তি এবং পরীক্ষা ফরম পূরণের সার্ভার সংক্রান্ত সমস্যা ও অধিভুক্তি নবায়ন ফি বৃদ্ধি ও জরিমানা সংক্রান্ত সমস্যার কারণে আইন মহাবিদ্যালয়গুলো পরিচালনায় সমস্যার সৃষ্টি হচ্ছে। তারা জানান, সরকারি অনুদান ছাড়াই অভিজ্ঞ শিক্ষানুরাগী আইনজীবীরা নামমাত্র সম্মানীতে খণ্ডকালীন শিক্ষক হিসেবে শিক্ষাদান কার্যক্রম চালিয়ে আসছেন। অথচ জাতীয় বিশ্ববিদ্যালয় শুধু পাঠদানের অনুমতি, পরীক্ষা নিয়ন্ত্রণ ও গভর্নিং বডির অনুমোদন দিয়ে থাকলেও শিক্ষকদের সুখ দুঃখের সাথে তাদের কোন সংশ্লিষ্টতা থাকে না। শিক্ষক নেতৃবৃন্দ বলেন, এরপরও জাতীয় বিশ্ববিদ্যালয় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বিধি-বিধান অনুযায়ী পূর্ণকালীন অধ্যক্ষ ও শিক্ষক নিয়োগের নির্দেশ দেয়া হয়েছে। তাছাড়া পূর্ণকালীন নিয়োগ ছাড়া জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অধিভুক্ত নবায়ন মঞ্জুর করছেন না। সরকারি কোন অনুদান ছাড়ায় শিক্ষার্থীদের থেকে নেয়া ফি দিয়ে চলে শিক্ষকদের সম্মানী ও একাডেমিক কার্যক্রম। সভায় অভিযোগ করা হয়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি নিয়ে কেন্দ্রে যোগাযোগ করা হলে তারা সমস্যার সমাধানে এগিয়ে আসে না। দেশের সব আইন মহাবিদ্যালয়গুলোকে মনে হচ্ছে জাতীয় বিশ্ববিদ্যালয় এক ঘরে করে রেখেছে। পারলে বন্ধ করে দেবে এ রকম মনোভাব তাদের। এর ফলে দেশের আইন মহাবিদ্যালয়গুলো আইন শিক্ষা কার্যক্রম বিপর্যয়ের মুখে পতিত হয়েছে। এ সমস্যা সমাধানে সকলের সহযোগিতার আহ্বান জানান তারা।